মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল **২০২১** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: মে ২০২১

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৭১	১৪৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	১০৪৬	১,১০০
মোট	২,৫৬৩	১,২৭০	১,২৪৬

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩১	৩২	৪৪	৩৯	১৪৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৫	৩৩৬	২৪৪	১৫৫	১,১০০*
মোট	-	-	৩৯৬	৩৬৮	২৮৮	১৯৪	১,২৪৬

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	মোট -০.৫২ DPA-০.৩৯ জিওবি-০.১৩	মোট-০.২২৮৫ DPA-০.১৯৬১ জিওবি-০.০৩২৪ (৪৩.৯৪%)	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৯টি	০.২৩	-	-	৯টি	৯টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি সংক্রান্ত ১টি মামলা রয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয়	৪টি	১৫.৮৩	-	-	৪টি	বিলুপ্ত ঢাকা বিভাগীয় উন্নয়ন বোর্ডের অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪	-	৪টি	-
মোট	১৭টি	৭০২.৮৩	৪	-	১৭টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	-	-	-	১	২
দুর্নীতি দমন কমিশন	৯	-	-	-	-	৯	২২
মোট	১০	-	-	-	১	১০	২৪

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) চলমান রয়েছে। ইতোমধ্যে ১০ হতে ২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) সম্পন্ন হয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(২) 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র মতামতসমূহ WAR BOOK, 1977 (Revised in 2018)-এর খসড়ায় অন্তর্ভুক্তসহ সমরপুস্তক চূড়ান্তকরণ সংক্রান্ত কমিটির চতুর্থ সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির ২০২১ সালের প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(৪) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৪টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) তদন্তাধীন ৪৫টি অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।

(৬) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় ও এপ্রিলের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৭) তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ নম্বর ৪৩/২০২০-এর সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা ও উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) বাংলা নববর্ষ ১৪২৮ উদ্‌যাপনে করোনা পরিস্থিতি বিবেচনায় যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সেবা ও ভাতা বিতরণ কার্যক্রম জরুরি সেবার আওতাভুক্তকরণ এবং চলমান সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধকালে বর্ণিত কার্যক্রমে মাঠ প্রশাসনের সহযোগিতা প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) জেলা হাসপাতালে হাইফ্লো ন্যাজাল ক্যানোলা বা অক্সিজেন ব্যবস্থা সম্পর্কিত তথ্যের আলোকে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) চলতি অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নতুন কোন পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা)-এর কার্যাদেশ (Notification of Award) প্রদান না করা সংক্রান্ত পরিপত্রের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) এপ্রিল ২০২১ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভা ৮ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।

(১৩) কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধের আরোপ ও এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৪) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিবেদনাধীন মাসে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মামলায় ৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ৫ জনের বিরুদ্ধে এজাহার দায়ের করা হয়েছে। দুই জনের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ এবং ৪৬ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উল্লিখিত বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(১৫) দুর্নীতি দমন কমিশনে একজন কর্মকর্তাকে উপপরিচালক পদে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(১৬) বিভিন্ন আইনে ৩ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়েছে।

(১৭) পরিদর্শন, দর্শন ও রাত্রিযাপন বিষয়ক নির্ধারিত প্রমাপ অর্জনের জন্য বিভিন্ন জেলার জেলাপ্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) কোভিড-১৯ মহামারি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ঋণ বিতরণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি লিমিটেডের (কাফকো) চিফ ফিন্যান্স অফিসার (সিএফও) হাবিব উল্লাহ মঞ্জুরের বিরুদ্ধে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) করোনাকালীন বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এর আওতাধীন আদালতসমূহ পরিচালনাকালে স্বাস্থ্যবিধি অনুসরণ ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল মাধ্যম ব্যবহার করে 'আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০' অনুসরণপূর্বক আদালতের কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) রাজশাহী ও রংপুর বিভাগের কর্মকর্তাদের ২০২০-২১ অর্থবছরের এপিএ নির্দেশিকা ও এপিএ কাঠামো সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।
(২২) ১৩টি মন্ত্রণালয়/বিভাগের এপিএ-তে অর্ন্তভুক্তির নিমিত্ত পলিসি এনালাইসিস রিপোর্ট প্রেরণ করা হয়।
(২৩) ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Istanbul Program of Action-IPoA) বাস্তবায়নের লক্ষ্যে সমন্বয় ও পরিবীক্ষণ কমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহ করা হয়।
(২৪) ১৩-২১ এপ্রিল ২০২১ মেয়াদে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের নিয়ে 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল' শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়।
(২৫) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আওতায় সামাজিক বিমা ক্লাস্টার এর সমন্বয়ক হিসেবে অর্থ বিভাগ কর্তৃক জাতীয় সামাজিক বিমা স্কিম (NSIS)-এর কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়।
(২৬) ২০ এপ্রিল ২০২১ তারিখে ইউরোপীয় ইউনিয়নের সাথে বাজেট সাপোর্ট টার্গেট ২০২০-২১ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।
(২৭) ০৭ এপ্রিল ২০২১ তারিখে ADB'র সাথে 500 Million Dollar বাজেট সাপোর্ট বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

গ.আগামী (মে-জুন) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) ১৯৯৫ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ এবং বিজ্ঞপ্তির সকল খণ্ড বই আকারে বাঁধাই করে বিজি প্রেস হতে আনয়ন।
(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৬তম এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপত্বিতে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৭তম সভা অনুষ্ঠান।
(৫) বৈশ্বিক মহামারি কোভিড-১৯ মোকাবিলায় মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন এবং হালনাগাদ করে বিজি প্রেসে প্রেরণ।

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd